

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৩৩

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/৫০. দাঁড়ি খিলাল করা।

بَابِ مَا جَاءَ فِي تَخْلِيلِ اللِّحْيَةِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ اللَّهِ الرَّقِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَبِيعَةَ الْكِلاَبِيُّ، حَدَّثَنَا وَاصِلُ بْنُ السَّائِبِ الرَّقَاشِيُّ، عَنْ أَبِي سَوْرَةَ، عَنْ أَبِي أَيُّوبَ الأَنْصَارِيِّ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ تَوَضَّاً فَخَلَّلَ لِحْيَتَهُ .

বাংলা

৫/৪৩৩। আইয়ূব আল-আনসারী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে উয় (ওজু/অজু/অযু) করার সময় তাঁর দাড়ি খিলাল করতে দেখেছি।

English

It was narrated that Abu Ayyub Al-Ansari said:

"I saw the Messenger of Allah performing ablution and he ran his fingers through his beard."

ফুটনোট

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: জামি সগীর ৪৩৬৩ যঈফ। উক্ত হাদিসের রাবী ১. ওয়ালীদ বিন সায়িব আর-রাকশী সম্পর্কে ইবনু আবু শায়বাহ বলেন, তিনি দুর্বল। ইমাম বুখারী, আবু হাতিম আর-রাযী ও ইয়াকুব বিন সুফইয়ান বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ২. আবু সাওরাহ সম্পর্কে ইবনু হিব্বান সিকাহ বললেও ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি খুবই দুর্বল। ইমাম বুখারি ও আস-সাজী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইমাম তিরমিযি তাকে হাদিস বর্ণনায় দুর্বল হিসেবে আখ্যায়িত করেছেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি অপরিচিত। হাদিসটির শতাধিক শাহিদ রয়েছে, তন্মধ্যে সহিহ বুখারীতে ১৪ টি, সহিহ মুসলিমে ৬ টি, তিরমিযি ১৭ টি, আবু দাউদ ২৭ টি, ইবনু মাজাহ ১১ টি ও বাকিগুলো অন্যান্য কিতাবে রয়েছে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন